গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক

সচিবালয়: বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স

বাড়ি নং-২০, রোড নং-১১ (নতুন) ৩২ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা-১২০৯

তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর এলাকা ভিত্তিক মানববন্ধন ও পদযাত্রা

গৃহশ্রমিকদের উপর সহিংসতা বন্ধে নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি

গৃহশ্রমিকদের উপর সহিংসতা বন্ধ, আইনি সুরক্ষাসহ নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি, ক্ষতিগ্রস্তদের সুচিকিৎসা ও উপযুক্ত ক্ষতিপূরণের দাবি জানিয়েছেন ট্রেড ইউনিয়ন এবং নাগরিক সমাজের প্রতিনিধিরা। আজ ২৩ সেপ্টেম্বর ২০২১ (বৃহস্পতিবার) মোহাম্মদপুর বাস স্ট্যান্ড সাতমসজিদ রোডে এলাকা ভিত্তিক মানববন্ধন ও পদযাত্রা থেকে এ দাবি জানানো হয়। গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে ও বিল্‌স/সুনীতি প্রকল্পের সহযোগিতায় এ মানববন্ধনের আয়োজন করা হয়।

মানববন্ধন ও প্রতিবাদ সভায় বক্তারা বলেন, সাম্প্রতিক সময়ে গৃহকর্মে নিযুক্ত শ্রমিকদের উপর নির্যাতন, হত্যা, ও মানবাধিকার লংঘনের মতো প্রভৃতি ঘটনা উদ্বেগজনক ভাবে বেড়ে গেছে। বিল্‌স এর সংবাদপত্র জরিপ অনুযায়ী ২০২১ সালের জানুয়ারি থেকে জুন মাস পর্যন্ত অন্ততঃ ২২ জন গৃহশ্রমিক হত্যা-নির্যাতনের শিকার হয়েছেন। বক্তারা বলেন, দেশব্যাপী গৃহশ্রমিকদের সুরক্ষায় প্রণীত 'গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি ২০১৫' বাস্তবায়ন না হওয়ায় দেশে একের পর এক গৃহশ্রমিকের মৃত্যু ও নির্যাতনের ঘটনা ঘটছে। তারা বলেন, বিচারহীনতার কারণে দোষীরা বার বার গৃহশ্রমিকদের উপর নির্যাতনের সাহস পায়। যদি এসব ঘটনায় দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হয়, তাহলে সেই ভয়ে আর কেউ গৃহশ্রমিকদের নির্যাতনের সাহস দেখাবে না।

এসময় বক্তারা আইএলও কনভেনশন-১৮৯ অনুসমর্থন করাসহ সারাদেশে গৃহশ্রমিকদের নিরাপত্তা রক্ষায় 'গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি-২০১৫' বাস্তবায়ন, শ্রম আইনে গৃহশ্রমিকদের অন্তর্ভুক্ত করা, গৃহশ্রমিকদের মামলায় সরকারিভাবে আইনি সহায়তা প্রদান, সব গৃহশ্রমিকের কর্মক্ষেত্রে নিরাপত্তা ও নিরাপদ অভিবাসন নিশ্চিত করা, নির্যাতনে নিহত শ্রমিক পরিবার ও আহত শ্রমিকদের ন্যায়সঙ্গত ক্ষতিপূরণ প্রদান, আহত শ্রমিকদের চিকিৎসা ব্যয় নিয়োগকারী কর্তৃক বহন করা, নিহত শ্রমিক পরিবার ও আহত শ্রমিকদের স্থায়ী পুনর্বাসনের দাবি জানান।

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্কের ভারপ্রাপ্ত সমন্বয়কারী আবুল হোসাইনের সভাপতিত্বে মানববন্ধনে আরো উপস্থিত ছিলেন জাতীয় শ্রমিক জোটের কার্যকরী সভাপতি আব্দুল ওয়াহেদ, বাংলাদেশ ফ্রি ট্রেড ইউনিয়ন কংগ্রেসের সম্পাদক পূলক রঞ্জন ধর, জাতীয় শ্রমিক লীগের ট্রেড ইউনিয়ন বিষয়ক সম্পাদক ফিরোজ হোসাইন, গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্কের সদস্য সচিব ও বিল্‌স পরিচালক নাজমা ইয়াসমীন, জাতীয় শ্রমিক লীগের নারী বিষয়ক সম্পাদক প্রমীলা পোদ্দার, জাতীয় শ্রমিক ফেডারেশনের আরিফা আক্তার প্রমুখ। এছাড়া বিল্‌স ও গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্কভূক্ত মানবাধিকার সংগঠন, জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশন ও নাগরিক সমাজের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ধন্যবাদান্তে-

মামুন অর রশিদ
তথ্য কর্মকর্তা, বিল্‌স
মোবাইল: ০১৯১৪৮৯১২২৩